

## Chapter 41

(으)로 (কোনো কার্য সাধন করার মাধ্যম/উপায়/পদ্ধতি, হাতিয়ার/যন্ত্রপাতি/উপকরণ বুঝাতে)

★(দ্বারা/ দিয়ে/ মাধ্যমে/উপায়ে)—অর্থ প্রকাশ করে)★

(으)로 বিশেষ্য পদের পেছনে যুক্ত হয়ে কোনো কার্য সাধন করার মাধ্যম, উপায়, পদ্ধতি, হাতিয়ার, যন্ত্রপাতি বা উপকরণ বুঝায়। বিশেষ্য পদটি ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으로 এবং স্বরবর্ণ বা ㅁ বা ㅂ দিয়ে শেষ হলে 로 যুক্ত করতে হয়। তবে এক্ষেত্রে ㅁ ㅂ এর উচ্চারণ হবে।

যেমন-

- ❖ 가: 철사는 무엇으로 끊으면 될까요? তারটি কি দিয়ে কাটব?
- ❖ 나: 펜치로 끊으세요. প্লাস দিয়ে কাটুন।
- ❖ 가: 그건 톱으로 자르면 안 돼요. সেটা করাতে দিয়ে কাটলে হবে না।
- ❖ 나: 그럼 월로 잘라요? তাহলে কি দিয়ে কাটব?
- ❖ 손가락으로 밥을 먹어요. চামচ দিয়ে ভাত খায়।
- ❖ 나사못이라면 드라이버로 해 보세요. স্কুহলে স্কু ড্রাইভার দিয়ে করে দেখুন।

고 있다 (বর্তমানে কোনো কাজ হচ্ছে বা চলছে বুঝাতে)

★(-তেছি, -তেছে, -তেছেন)—অর্থ প্রকাশ করে)★

고 있다 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে বর্তমানে সেই কাজটি হচ্ছে বা চলছে বুঝায়। ভাবটি বাচ্ছিম থাকুক বা না থাকুক 고 있다 ব্যবহৃত হয়। তবে উর্ধ্বতন ব্যক্তিদের 고 있다 দিয়ে বললে বেয়াদবি হবে।

যেমন-

- ❖ 가: 전기 용접기로 작업하고 있어요? ইলেকট্রিক ওয়েল্ডিং মেশিন দিয়ে কাজ করছে?
- ❖ 나: 네, 전기 용접기로 붙이고 있어요. হ্যাঁ, ইলেকট্রিক ওয়েল্ডিং মেশিন দিয়ে জোড়া লাগাচ্ছে।
- ❖ 가: 포장은 다 끝났어요? প্যাকিং সব শেষ করেছেন?
- ❖ 나: 아니요, 밴딩기로 포장하고 있어요. না, বাঁধার মেশিন দিয়ে প্যাকিং করছি।
- ❖ 리한 씨는 작업장에서 용접을 하고 있어요. 리한 কর্মস্থলে ওয়েল্ডিং করছে।
- ❖ 저는 전기 드릴로 벽에 구멍을 뚫고 있어요. আমি ইলেকট্রিক ড্রিল দিয়ে দেয়ালে ছিদ্র করছি

## Chapter 42

는지 알다/모르다 (কোনো একটি কাজ কেউ জানে কিনা সেটা প্রশ্ন করতে ব্যবহৃত হয়)

★(Verb 는지 알다= জানা



- ❖ 가: 여기에 있는 벽돌을 어떻게 할까요? এখানে থাকা ইটগুলো কি করব?
- ❖ 나: 저쪽으로 옮겨 놓으세요. ঐদিকে স্থানান্তর করে রাখুন।
- ❖ 가: 언제 장을 보러 가요? কখন বাজার করতে যাবেন?
- ❖ 나: 벌써 장을 봐 놓았어요. ইতিমধ্যে বাজার করে রেখেছি।
- ❖ 여기에 상자를 쌓아 놓으면 돼요. এখানে বাঁকগুলো স্তূপ করে রাখলে হবে।
- ❖ 회의 자료를 미리 준비해 놓으세요. মিটিংয়ের আসন আগে প্রস্তুত করে রাখুন।

লক্ষ করুন, এখানে অতীতসূচক **있/었** সামনে থাকা ভাবের সাথে যুক্ত না হয়ে **놓다** এর সাথে যুক্ত হচ্ছে।

**지요 (জানা কোনো কিছু সম্পর্কে নিশ্চিত হতে অন্য কাউকে প্রশ্ন করতে)**

★(তাই না? / তাই কি?)—অর্থ প্রকাশ করে)★

**지요?** ক্রিয়াপদ বা বিশেষণ পদের পেছনে এবং **(이)지요?** বিশেষ্যপদের পেছনে যুক্ত হয়ে জানা কোনো কিছু সম্পর্কে নিশ্চিত হতে অন্য কাউকে প্রশ্ন করতে ব্যবহার করা হয়। তবে নাউনটির বাচ্ছিম থাকলে **이지요?** এবং বাচ্ছিম না থাকলে শুধু **지요?** যুক্ত করতে হয়।

যেমন-

- ❖ 가: 물건은 크기별로 분류했지요? জিনিসগুলো সাইজভেদে পৃথক করেছেন তাই না?
- ❖ 나: 네, 분류해 놓았어요. হ্যাঁ, পৃথক করে রেখেছি।
- ❖ 가: 상품은 모두 상자에 담았지요? পণ্যগুলো সব বাঁধে ঢুকিয়েছেন তো?
- ❖ 나: 네, 포장한 후에 담아 놓았어요. হ্যাঁ, প্যাকিং করার পরে ভেতরে ঢুকিয়ে রেখেছি।
- ❖ 리한 씨는 방글라데시 사람이지요? রিহান বাংলাদেশী লোক তাই না?

## Chapter 44

**거든요 (শ্রোতা সেই বিষয়টা না জানলে বক্তা সেই কারণ প্রকাশ করতে এটি ব্যবহার করে)**

★(তাই/ এই কারণে)—অর্থ প্রকাশ করে)★

**거든요** ক্রিয়াপদ বা বিশেষণ পদ এবং বিশেষ্য পদের পেছনে যুক্ত হয়ে সামনের কথাটির কারণ বুঝায়। তবে নাউনের সাথে যুক্ত হওয়ার সময় বাচ্ছিম থাকলে **이거든요** এবং বাচ্ছিম না থাকলে শুধু **거든요** যুক্ত করতে হয়।

যেমন-

- ❖ 가: 작업장이 아주 깨끗하네요. কর্মস্থলটি অনেক পরিষ্কার।
- ❖ 나: 그렇죠? 어제 청소했거든요. তাইনা? গতকাল পরিষ্কার করেছি।
- ❖ 가: 작업장이 정말 깨끗하네요. কর্মস্থলটি সত্যিই পরিষ্কার।
- ❖ 나: 오전에 청소를 했거든요. সকালে পরিষ্কার করেছি।
- ❖ 가: 밖이 왜 이렇게 시끄러워요? বাইরে কেন এত কোলাহল?
- ❖ 나: 지금 공사를 하고 있거든요. এখন নির্মাণ কাজ চলছে।



★(পূর্বে)—অর্থ প্রকাশ করে)★

기 전에 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে সামনের ক্রিয়াটির আগে পেছনের ক্রিয়াটি সম্পন্ন হওয়া বুঝায়। এখানে 기 ভাবটিকে নাউনে রূপান্তরিত করছে। ভাবটির বাচ্ছিম থাকুক বা না থাকুক 기 전에 যুক্ত হবে।

যেমন-

- ❖ 가: 한국에 오기 전에 방글라데시에서 무슨 일을 했어요? কোরিয়াতে আসার আগে বাংলাদেশে কি কাজ করেছেন?
- ❖ 나: 회사에 다녔어요. কোম্পানিতে চাকরি করেছি।
- ❖ 가: 토마토를 딸까요? টমেটো সংগ্রহ করব?
- ❖ 나: 아니요, 토마토를 따기 전에 농약을 치세요. না, টমেটো সংগ্রহ করার আগে কীটনাশক ছিটান।
- ❖ 가: 물을 줄까요? পানি দিব?
- ❖ 나: 아니요, 물을 주기 전에 잡초를 뽑으세요. না, পানি দেওয়ার আগে আগাছা তুলুন।
- ❖ 식사하기 전에 손을 씻으세요. খাওয়ার আগে হাত ধুয়ে ফেলুন।

기 전에(으)ㄴ 후에 এর মধ্যে পার্থক্য- 기 전에 পেছনের ক্রিয়াটি সামনের ক্রিয়াটির আগে সম্পন্ন হওয়া বুঝায়, আর (으)ㄴ 후에 এর সামনের ক্রিয়াটি পেছনের ক্রিয়াটির আগে সম্পন্ন হওয়া বুঝায়।

উদাহরণ-

- ❖ 토마토를 따기 전에 농약을 치세요.
- ❖ 농약을 친 후에 토마토를 따요.